

**B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)**

**বিষয় : বাংলা (সাম্মানিক)**

**Course : DSE-1**

**(উনিশ শতকের বাংলা কাব্য ও প্রবন্ধ)**

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) আখ্যানকাব্য কাকে বলে? যে-কোনো একটি আখ্যানকাব্যের উদাহরণ দাও।
- (খ) 'ত্রয়ীকাব্য' কোনগুলি? ত্রয়ী কাব্যের কবির নাম উল্লেখ করো।
- (গ) 'পদ্মিনী উপাখ্যান'—কে রচনা করেন? এর প্রকাশকালটি লেখো।
- (ঘ) প্রকাশকালসহ বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ঙ) উনিশ শতকের একজন মহিলা কবির নাম লেখো। তাঁর একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (চ) স্বামী বিবেকানন্দের দুটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- (ছ) 'স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস'—কার লেখা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।
- (জ) 'স্বপ্নপ্রয়াগ' এবং 'অবকাশরঞ্জিনী'—রচনাদুটির প্রকাশকালসহ রচয়িতার নাম উল্লেখ করো।
- (ঝ) গিরীন্দ্রমোহিনী দাসী রচিত দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ঞ) 'আলেখ্য' কার রচনা? রচয়িতার অন্য একটি কাব্য সংকলনের নাম লেখো।
- (ট) সংক্ষেপে 'এষা' কাব্যটির বিষয়বস্তু তুলে ধরো।
- (ঠ) সহমরণ প্রথার বিরোধিতা করে রামমোহন রায়ের লেখা দুটি প্রবন্ধের নাম লেখো।
- (ড) বঙ্কিমচন্দ্র রচিত দুটি সমাজসমস্যামূলক প্রবন্ধের নাম লেখো। প্রবন্ধ দুটি কোন গ্রন্থের অন্তর্গত তা উল্লেখ করো।
- (ঢ) 'সোনার তরী'—কাব্য সংকলনটির প্রকাশসালটি লেখো। এই কাব্য সংকলনের অন্তর্গত দুটি কবিতার নাম উল্লেখ করো।
- (ণ) স্বর্গকুমারী দেবী এবং গোবিন্দচন্দ্র দাসের একটি করে কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) সংক্ষেপে উনিশ শতকীয় গীতিকবিতার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) মানকুমারী বসুর গীতিকাবিক প্রতিভার মূল্যায়ন করো।
- (গ) গীতিকবি দেবেন্দ্রনাথ সেনের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।



- (ঘ) ভাবোচ্ছ্বাসবর্জিত, যুক্তিনির্ভরতা ভূদেব মুখোপাধ্যায়ের প্রবন্ধের প্রধান বৈশিষ্ট্য—আলোচনা করো।  
(ঙ) রঙ্গলালের কাব্যে স্বদেশ প্রেমের সবিশেষ প্রকাশ ঘটেছে—মন্তব্যটির ইতিবাচকতা তুলে ধরো।  
(চ) আখ্যানকাব্য রচয়িতা হিসেবে নবীনচন্দ্র সেনের মূল্যায়ন করো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি করে মোট দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) বাংলা আখ্যানকাব্য ধারায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অবদান তুলে ধরো।

অথবা

(খ) উনিশ শতকের বাংলা আখ্যানকাব্যের ধারাটির উদ্ভবের প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

(গ) কামিনী রায়ের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা

(ঘ) প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের প্রবন্ধগুলির বিশেষত্বের পরিচয় দাও।